

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়
শিল্প মন্ত্রণালয়
শিল্প ভবন, এনেক্স বিল্ডিং
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.boile.gov.bd

নম্বরঃ ৩৬.১১.০০০০.০০১.১১.১০৭.১৮.৪৪১

তারিখঃ ২২/০৩/২০২১

বিজ্ঞপ্তি

বিষয়ঃ অফিস সহায়ক পদে লিখিত পরীক্ষার আসন বিন্যাস ও পরীক্ষার পরিচালনার নির্দেশনা।

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় এর অফিস সহায়ক পদে আদ্যনকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী ২৭/০৩/২০২১ তারিখ, বেলা- ৩:০০ ঘটিকায় নিম্নোক্ত ০৫ টি কেন্দ্রে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীদের প্রবেশপত্র ও জাতীয় পরিচয়পত্রসহ পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো ।

ক্র. নং	কেন্দ্রের নাম	ঠিকানা	রেজি নং- থেকে	রেজি নং-পর্যন্ত	পরীক্ষার্থী সংখ্যা
১.	দনিয়া বিশ্ববিদ্যালয় কলেজ	দনিয়া, যাত্রাবাড়ী, ঢাকা	22000001	22006700	৬৭০০ জন
২.	মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়	আউটার সার্কুলার রোড, মতিঝিল, ঢাকা- ১০০০	22006701	22008900	২২০০ জন
৩.	মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়	আউটার সার্কুলার রোড, মতিঝিল, ঢাকা- ১০০০	22008901	22010700	১৮০০ জন
৪.	টিএন্ডটি উচ্চ বিদ্যালয়	মতিঝিল, ঢাকা-১০০০	22010701	22013100	২৪০০ জন
৫.	সেন্দ্রাল উইমেন্স কলেজ	১৩/২, অভয় দাস লেন, ঢাকা-১২০৩	22013101	22016172	৩০৭২ জন
মোট					১৬১৭২ জন

পরীক্ষা পরিচালনার জরুরি নির্দেশনাঃ

১. প্রার্থীদের স্ব স্ব নম্বরে পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করার জন্য টেলিটক বাংলাদেশ লিঃ কর্তৃক এস এম এস প্রেরণ করা হয়েছে। তাছাড়া প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের ওয়েবসাইট ও প্রদত্ত লিঙ্ক (<http://boiler.teletalk.com.bd/boiler/admitcart.php>) হতে পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।

২. পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, মোবাইল ফোন, ক্যালকুলেটর, সকল ধরনের ইলেকট্রনিক ডিভাইস, ব্যাংক কার্ড/ ক্রেডিট কার্ড সদৃশ কোন ডিভাইস, গহনা ও ব্যাগ আনা সম্পূর্ণ নিষিদ্ধ। বর্ণিত নিষিদ্ধ সামগ্রীসহ কোন পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না।

৩. পরীক্ষার্থীরা পরীক্ষার দিন ০২.৩০ ঘটিকায় নির্ধারিত পরীক্ষা হলে নিজ নিজ পরীক্ষা কক্ষে প্রবেশ করে নির্দিষ্ট আসন গ্রহণ করবেন। পরীক্ষার হলে প্রবেশের সময় পরীক্ষার্থীদের অবশ্যই স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য যে, মাস্ক ছাড়া কোন পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না।

৪. বেলা ২.৫৫ ঘটিকায় পরীক্ষার্থীদের মধ্যে উত্তরপত্র বিতরণ করা হবে। পরীক্ষার্থীরা উত্তরপত্রে পদের নাম, পরীক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর ও পরীক্ষার তারিখ লিখবেন। **উত্তরপত্রের কোডিং অংশে কোন কিছু লেখা যাবে না।**

৫. পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৮(আট) ডিজিট সংবলিত। রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ (সংখ্যাসমূহ) উত্তরপত্রের অংশের রোল নম্বরের ঘরে লিখতে হয়।

৬. বেলা ০৩.০০ ঘটিকায় প্রশ্নপত্র দেয়া হবে। পরীক্ষার্থীরা হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। এ সময় প্রবেশপত্র টেবিলের ওপর খুলে রাখতে হবে। প্রবেশপত্রের ছবি এবং স্বাক্ষরের সাথে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, গরমিল পাওয়া গেলে বহিষ্কারসহ যথাযথ ব্যবস্থা গ্রহন করা হবে।

৭. প্রশ্নপত্র বিতরণের পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবেনা। প্রশ্নপত্র দেয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

৮. পরীক্ষা কক্ষে পরিদর্শকগন পরীক্ষার্থীর প্রবেশপত্রের ছবি, রেজিস্ট্রেশন নম্বর এবং জাতীয় পরিচয়পত্র [প্রয়োজনে] পরীক্ষা করবেন। রেজিস্ট্রেশন নম্বর এবং নাম ঠিকভাবে উত্তরপত্রের যথাস্থানে পরীক্ষার্থী লিখেছেন কিনা এবং পরীক্ষার্থীর প্রবেশপত্র ও হাজিরা তালিকার ছবি অভিন্ন কিনা পরীক্ষান্তে তা নিশ্চিত হয়ে **পরিদর্শক উত্তরপত্রে পরিদর্শকের জন্য নির্ধারিত দুইটি স্থানে স্বাক্ষর করবেন।**

৭. কোন পরীক্ষার্থী পরীক্ষায় নকল করলে বা মোবাইল ফোন বা কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইসসহ প্রবেশ এবং উক্ত প্রযুক্তির মাধ্যমে কোন অসদুপায় অবলম্বন করলে বা কোন অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে প্রয়োজনে মামলা দায়েরপূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতে উক্ত পরীক্ষার্থীকে সোপর্দ করা হবে।

৮. উত্তরপত্রের নির্দিষ্ট স্থান ব্যতীত কোথাও রোল নম্বর, নাম ও মোবাইল নম্বর লিখলে উত্তরপত্র বাতিল করা হবে।

৯. বেলা ৩.৫৫ ঘটিকায় সতর্কতামূলক ঘন্টা এবং বেলা ৪.০০ ঘটিকায় পরীক্ষা শেষ হওয়ার ঘন্টা প্রদান করা হবে। **পরীক্ষা শেষে প্রশ্নপত্র উত্তরপত্রের ভিতরে জমা প্রদান করতে হবে।** পরিদর্শকগন উত্তরপত্র সংগ্রহ করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীরা স্বাস্থ্যবিধি অনুসরণ করে নির্দিষ্ট শারীরিক দূরত্ব বজায় রেখে ধীরে ধীরে পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন।

(মোঃ শরাফত আলী)

উপ প্রধান বয়লার পরিদর্শক

ও সদস্য-সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি